**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 25-07-2025** **Desk in Charge: SDG**
**Time: 7.35 AM** **Compiling : Sudip B.**
**DEO : KB** **NR : Sudip B.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ উত্তর বঙ্গোপসাগরে সৃষ্ট সুস্পষ্ট নিম্নচাপের প্রভাবে দক্ষিণ বঙ্গের বেশীরভাগ জেলাতেই বৃষ্টির পূর্বাভাস।

# ঝড়বৃষ্টির মধ্যে বজ্রপাতে রাজ্যে অন্ততঃ ১৯'জনের মৃত্যু।

২/ বাংলা ভাষাভাষী শ্রমিকদের ওপর বিভিন্ন রাজ্যে নির্যাতনের অভিযোগ তুলে, সরব মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

৩/ শ্রমিক কল্যাণে তৃণমূল কংগ্রেস সরকার উদাসীন বলে কেন্দ্র জানিয়েছে।

৪/ ভোটার তালিকা সংশোধন, পরিমার্জনের সঙ্গে যুক্ত আধিকারিকদের ভাতার অঙ্ক বাড়িয়ে দ্বিগুণ করেছে নির্বাচন কমিশন।

৫/ সুপ্রিম কোর্টের রায়ে চাকরীহারা যোগ্য শিক্ষকরা, দিল্লিতে শাসক ও বিরোধী দলের নেতৃত্বের সঙ্গে সাক্ষাৎ করে তাঁদের পরিস্থিতি তুলে ধরেছেন।

৬/ বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় ফের ঘুরে দেখার সুযোগ পাবেন পর্যটকরা।

# চালু হচ্ছে হেরিটেজ ওয়াক।

*****************************************************************

উত্তর বঙ্গোপসাগরের সৃষ্ট নিম্নচাপটি সুস্পষ্ট নিম্ন চাপে পরিণত হয়েছে। ধীরে ধীরে তা পশ্চিম উত্তর পশ্চিমে অগ্রসর হবে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ সোমনাথ দত্ত আকাশবাণীকে জানিয়েছেন। এর ফলে রাজ্যের উপকুলীয় জেলাগুলিতে বৃষ্টির পরিমাণ বাড়বে। আজ বাঁকুড়া ও পশ্চিম মেদিনীপুর জেলার জন্য রয়েছে লাল সতর্কতা। কমলা সতর্কতা রয়েছে ঝাড়গ্রাম, পূর্ব মেদিনীপুর, পুরুলিয়া, হুগলী এবং দক্ষিণ ২৪ পরগণা জেলার জন্য।

( বাইট- সোমনাথ দত্ত )

আলিপুরে আজ সকাল সাড়ে ছটা পর্যন্ত ৬৭ দশমিক ৯ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে। কলকাতায় রাতভর বৃষ্টিতে আমহার্স্ট্রীট, ঠনঠনিয়া কালিবাড়ী, ফিয়ার্স লেন, কলেজ স্ট্রিটের কিছু অংশ, মুক্তারাম বাবু ষ্ট্রীট, উল্টোডাঙ্গা আনডার পাস, সেন্ট্রাল এ্যাভেনিউ- এর বেশ কিছু অংশে জল জমেছে। পাশাপাশি সল্টলেকের বিভিন্ন জায়গায়, AJC বোস রোড ফ্লাইওভারে জল জমে থাকার খবর মিলেছে।

****************************

রাজ্যের বিভিন্ন জেলায় ঝড়বৃষ্টির মধ্যেই বজ্রপাতে অন্ততঃ ১৯’ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। বাঁকুড়া জেলার বিভিন্ন প্রান্তে বাজ পড়ে অন্ততঃ ৯’জনের মৃত্যু হয়েছে। ওন্দায় চার জন, কোতুলপুর, ইন্দাস, বাঁকুড়া শহর, পাত্রশায়র এবং জয়পুর থানা এলাকায় বজ্রপাতে একজন করে প্রাণ হারিয়েছেন।

এদিকে, পূর্ব বর্ধমানে বাজ পড়ে ৬’ জনের মৃত্যু হয়েছে। আহত চার জন।
জেলার মাধবডিহিতে গতকাল দুপুরে বজ্রাঘাতে এক প্রৌঢ়ের মৃত্যু হয়েছে।
সনাতন পাত্র নামে বছর ষাটের ওই ব্যক্তি মাঠে কাজ করার সময় বজ্রপাতে আহত হন। পাশাপাশি আউশগ্রামে বজ্রাঘাতে সঞ্জয় হেমব্রম নামে এক যুবকের মৃত্যু হয়েছে। তিনিও জমিতে কাজ করছিলেন বলে জানা গেছে। এছাড়াও ভেদিয়ায় রবিন টুডু নামে এক যুবক ধান রোয়ার সময় বজ্রাঘাতে প্রাণ হারান। মঙ্গলকোটের চানক কৃষ্ণপুরে বুড়ো মাড্ডি নামে এক কৃষকের মৃত্যু হয়।

পশ্চিম মেদিনীপুরে বজ্রপাত-জনিত দুর্ঘটনায় দু'জনের মৃত্যু হয়েছে। চন্দ্রকোণা থানার লাহিরগঞ্জ গ্রামে লক্ষীকান্ত পান নামে এক ব্যক্তির বজ্রাঘাতে মৃত্যু হয়েছে। তিনিও জমিতে কাজ করছিলেন। অন্যদিকে, জেলার দাঁতনের সড়ং গ্রামে গতকাল বিকেলে বজ্রপাতের শব্দে যতিন মাইতি নামে এক ব্যক্তি হৃদরোগে আক্রান্ত হয়ে প্রাণ হারিয়েছেন।

পুরুলিয়ার ঝালদার গুরিডি গ্রামে মাঠে কাজ করার সময় বজ্রপাতে সুমিত্রা মাহাতো নামে এক মহিলার মৃত্যু হয়েছে।

বাজ পড়ে মৃত্যুর খবর মিলেছে উত্তরবঙ্গেও। ধানের চারাবীজ তোলার করার সময় দক্ষিণ দিনাজপুরের কুমারগঞ্জের ভগবতীপুরে কমল সরকার নামে এক ব্যক্তির মৃত্যু হয়েছে।

*************************

ঝড় বৃষ্টির সঙ্গে সঙ্গেই বেড়ে চলেছে বজ্রপাত এবং তাতে প্রাণহানির সংখ্যা।

একটি প্রতিবেদন- ( ভিসি- কাশফিন )

*************************

দুর্যোগের মধ্যেই গতকাল দুপুরে গঙ্গাসাগরে স্নান করতে নেমে এক পুন্যার্থী তলিয়ে গেছেন। সন্দীপ গৌড় নামে ওই ব্যক্তি উত্তরপ্রদেশের বাসিন্দা। বিপর্যয় মোকাবিলা দপ্তরের কর্মীরা সাগরে স্পিড বোট নিয়ে তল্লাশি চালাচ্ছেন। পাশাপাশি সচেতনতা বাড়াতে মাইকে প্রচার চলছে।

সমুদ্র উত্তাল থাকায় মৎসজীবিদের আগামী সোমবার পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

দক্ষিণ ২৪ পরগণার সুন্দরবনের বেহাল বাঁধগুলির দিকে নজর রাখতে বলা হয়েছে সেচ দপ্তরের আধিকারিকদের।

*************************

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি হরিয়ানা ও রাজস্থানে বাংলা ভাষাভাষী শ্রমিকদের উপর চরম নির্যাতনের অভিযোগ তুলে সরব হয়েছেন।

এক্স হ্যান্ডেলে কেন্দ্র ও বিজেপি-শাসিত রাজ্য সরকারগুলির বিরুদ্ধে ভাষা সন্ত্রাসের অভিযোগ তুলে তিনি বলেন, হরিয়ানার গুরুগ্রাম-সহ নানা জায়গায় বাংলা ভাষাভাষী শ্রমিকদের পুলিশ ধরে নিয়ে যাচ্ছে। পরিচয় যাচাইয়ের নামে তাঁদের আটক করে পরে সেই তথ্য পাঠানো হচ্ছে পশ্চিমবঙ্গ পুলিশকে। শুধু হরিয়ানা নয়, রাজস্থান-সহ আরও কয়েকটি রাজ্য থেকে বৈধ পরিচয়পত্র থাকা সত্ত্বেও পশ্চিমবঙ্গের নাগরিকদের জোর করে বাংলাদেশে পাঠিয়ে দেওয়ার চেষ্টা করা হচ্ছে বলে তাঁর অভিযোগ।

গতকাল ধনধান্যে প্রেক্ষাগৃহে একটি অনুষ্ঠানে যোগ দিয়ে মুখ্যমন্ত্রী বলেন, বাংলা ভাষার অপমান তাঁর একার নয়, সকল রাজ্যবাসীর।

( বাইট- মমতা )

তৃণমূল কংগ্রেস ভুয়ো ভোটারের মাধ্যমে ক্ষমতায় ফেরার স্বপ্ন দেখলে তারা ভুল করবে বলে মন্তব্য করেছেন রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য।

( বাইট- শমীক )

দিল্লির বাঙালী পরিযায়ী শ্রমিকরা দুরবস্থার মধ্যে আছেন বলে মন্তব্য করেছেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। ভোটের রাজনীতি না করে তাদের কাছে অবিলম্বে সহায়তা পাঠানোর দাবি জানান তিনি।

( বাইট- অধীর )

**************************

রাজ্য সরকার, শ্রমিক উন্নয়নে উদাসীন বলে কেন্দ্রীয় শ্রম মন্ত্রক জানিয়েছে।

সংসদে রাজ্যসভার সাংসদ তথা রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্যের প্রশ্নের উত্তরে মন্ত্রক জানিয়েছে যে, দেশের ৩২টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল ইতমধ্যেই নতুন শ্রম সংহিতা বাস্তবায়নের পদক্ষেপ নিয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার এবিষয়ে এখনও পর্যন্ত খসড়া বিধিও প্রকাশ করেনি।

শ্রম সংহিতার মূল উদ্দেশ্য হলো শ্রমিকদের অধিকার রক্ষা, সময়মতো মজুরি প্রদান, সামাজিক নিরাপত্তা, কর্মক্ষেত্রে সুরক্ষা এবং ভালো কাজের পরিবেশ নিশ্চিত করা।

*************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এমাসের ২৭ তারিখ আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৪-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে এমাসের ২৫ তারিখ পর্যন্ত মতামত জানানো যাবে।

*************************

'বিশেষ নীবিড় সংশোধনী'- SIR নিয়ে চলতি বিতর্কের আবহে নির্বাচন কমিশন, ভোটার তালিকা সংশোধন-পরিমার্জনের সঙ্গে যুক্ত আধিকারিকদের ভাতা বৃদ্ধির কথা ঘোষণা করেছে। নতুন এক নির্দেশিকায় বুথ লেভেল অফিসার BLO-দের ভাতা দ্বিগুণ করার কথা ঘোষণা করা হয়েছে। আগে BLO-দের বার্ষিক ভাতা ছিল ৬ হাজার টাকা, তা বাড়িয়ে করা হয়েছে ১২ হাজার টাকা। যাঁরা সুপারভাইজার হিসেবে নিযুক্ত হবেন, তাঁরা আগের ৯ হাজার টাকার বদলে এখন থেকে ১৮ হাজার টাকা বার্ষিক ভাতা পাবেন। সেই সঙ্গে স্পেশাল রিভিশন বা কমিশনের নির্দেশিত বিশেষ কোনও কর্মসূচিতে নিযুক্ত BLO-দের জন্য বরাদ্দ হয়েছে অতিরিক্ত ২ হাজার টাকার বিশেষ ভাতা। সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের উদ্দেশে পাঠানো চিঠিতে কমিশন জানিয়েছে, ২০১৫ সালের পুরনো নির্দেশিকাকে বাতিল করে এই নতুন ভাতা কাঠামো চালু করা হচ্ছে।

*************************

চাকরি ফিরে পাওয়ার দাবিতে দিল্লিতে শাসক ও বিরোধী নেতৃত্বের সঙ্গে দেখা করেছেন এরাজ্যের যোগ্য চাকরিহারা শিক্ষক ও শিক্ষাকর্মীরা। রামলীলা ময়দানে ধর্নার পাশাপাশি তাঁদের প্রতিনিধিদল গতকাল দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তের সঙ্গে সাক্ষাৎ করে। আন্দোলনকারীদের তরফে মেহবুব মন্ডল জানান, নিজেদের দাবির কথা জানিয়ে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীর দফতরে স্মারকলিপি দেওয়া হয়েছে। এছাড়াও NCP (SP) নেতা শরদ পাওয়ারের সঙ্গেও দেখা করেন তারা।

গতকাল দিল্লির নাগরিক সমাজের ব্যক্তিত্বদের সঙ্গে গণকনভেনশন আয়োজন করেন তাঁরা। পশ্চিমবঙ্গের বিজেপি সভাপতি ও রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য আন্দোলনকারীদের সঙ্গে দেখা করেন। মেহবুব বলেন, সরকারের দুর্নীতির জন্যই যে তাঁদের যোগ্যতার ভিত্তিতে পাওয়া চাকরি হারাতে হয়েছে, গোটা দেশের মানুষের কাছে তা তুলে ধরছে চাকরিহারা শিক্ষক-অশিক্ষক প্রতিনিধিরা ।

*************************

বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় ফের ঘুরে দেখতে পারবেন পর্যটকেরা। ২০২৩ সালের ১৭ই সেপ্টেম্বর ওয়ার্ল্ড হেরিটেজ তকমা পাওয়ার পর এই প্রথম বিশ্বভারতী প্রাঙ্গণে প্রবেশ করতে পারবে জনসাধারণ। সপ্তাহে একদিন রবিবার এই সুযোগ পাওয়া যাবে। রবীন্দ্রভবন থেকে টিকিট পাওয়া যাবে হেরিটেজ ওয়াকের। ইতোমধ্যেই উপাচার্য প্রবীর কুমার ঘোষের নেতৃত্বে হেরিটেজ ওয়াকের ট্রায়ালও হয়েছে।

উল্লেখ্য, কোভিড পরিস্থিতির পরে পর্যটকদের আশ্রম প্রাঙ্গণে প্রবেশ নিষিদ্ধ করেছিলেন তৎকালীন উপাচার্য বিদ্যুৎ চক্রবর্তী।

*************************

উত্তর ২৪ পরগণার শাসনের দাদপুর গ্রাম পঞ্চায়েতের উত্তর বাহিরা গ্রামে মাটিতে পুঁতে রাখা বোমা বিস্ফোরণে দু'জন আহত হয়েছে। গতকাল দুপুরে শাসক দলের দলীয় কার্যালয়ের পেছনে ওই বিস্ফোরণ হয়। আহতদের নাম পরিচয় জানা যায়নি।

পাঁচটি তাজা বোমা উদ্ধার হয়েছে। পাওয়া গেছে পোড়া প্লাস্টিকের ড্রাম। কে বা কারা ওই এলাকায় বোমা মজুত করেছিল, তা' তদন্ত করে দেখা হচ্ছে।

*************************

কলকাতার বউবাজার থানা এলাকায় গঙ্গাধর বাবু লেনে গতকাল বিকেলে একটি পরিত্যক্ত বাড়ি থেকে এক ব্যক্তির পচা গলা দেহ উদ্ধার হয়েছে। স্থানীয়রা দুর্গন্ধ পেয়ে থানায় খবর দেয়। পুলিশ গিয়ে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। মৃত ব্যক্তি মহম্মদ ফিরোজ নামে শনাক্ত করেছে পুলিশ। গত ১৪'ই জুলাই থেকে তিনি নিখোঁজ ছিলেন।

*************************

হুগলী জেলার কুন্তি ঘাট এলাকায় গতকাল একটি সুতো কারখানায় দুর্ঘটনায় এক শ্রমিকের মৃত্যু হয়েছে। গুরুতর আহত একজন।

রাজনারায়ণ চৌধুরী এবং রবীন্দ্র চৌধুরী নামে ওই দুই শ্রমিক কারখানার স্পিনিং বিভাগে কাজ করার সময় সুতা তৈরির মেশিনের একটি অংশে বিস্ফোরণ ঘটে। গুরুতর আহত অবস্থায় দুজনেই তাৎক্ষণিকভাবে চুঁচুড়ার ইমামবাড়া হাসপাতালে নিয়ে যাওয়া হয়, চিকিৎসকরা রাজনারায়ণকে মৃত ঘোষণা করেন।

*****************************************************************